# POPI

## নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি) পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে তিন দশকেরও বেশি সময় ধরে সুনামের সাথে কাজ করে আসছে। সংস্থার ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | বয়স | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বেতন |
|---|---|---|---|---|---|
| ১. | শাখা ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম) | সর্বোচ্চ ৪৩ বছর | স্নাতক/ স্নাতকোত্তর | ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে-৪৩,৭২৮/- এবং স্থায়ীকরণের পর-৫০,৮৮২/-(লাঞ্চ ভাতাসহ)। |
| ২. | সহকারী শাখা ব্যবস্থাপক (হিসাব) (ঋণ কার্যক্রম) | সর্বোচ্চ ৩৫ বছর | হিসাব বিজ্ঞান স্নাতক/ স্নাতকোত্তর | সংশ্লিষ্ট পদে ১-২ বছরের কাজের অভিজ্ঞতা। এমএস ওয়ার্ড ও এক্সেল কাজে দক্ষতা থাকতে হবে এবং বাংলা ও ইংরেজী টাইপ করায় অভিজ্ঞ। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে-৩৩,১২০/- এবং স্থায়ীকরণের পর-৩৯,১৩০/-(লাঞ্চ ভাতাসহ)। |
| ৩. | মাঠ কর্মকর্তা (ঋণ কার্যক্রম) | ২২-৩৫ বছর | স্নাতক/ স্নাতকোত্তর | অভিজ্ঞতার প্রয়োজন নাই। তবে ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে-২৫,৫৭২/- এবং স্থায়ীকরণের পর-৩০,৭৬৮/-(লাঞ্চ ভাতাসহ)। |
| ৪. | মাঠ সহকারী (ঋণ কার্যক্রম) | ২১-৩৫ বছর | এইচ.এস.সি/ সমমান | অভিজ্ঞতার প্রয়োজন নাই। তবে ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে-২০,৮৮০/- এবং স্থায়ীকরণের পর-২৫,৫৭০/-(লাঞ্চ ভাতাসহ)। |
| ৫. | জুনিয়র ড্রাইভার | সর্বোচ্চ ৩৫ বছর | এস.এস.সি/ সমমান | অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ড্রাইভার হিসেবে ন্যূনতম ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সকল ধরনের গাড়ী চালনায় পারদর্শী ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **কর্মস্থল ঃ** প্রধান কার্যালয়; তবে প্রয়োজনে সংস্থার বিভিন্ন কর্মএলাকায় যেতে হবে। | শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে-২৫,৫৭২/- এবং স্থায়ীকরণের পর-২৮,১৬৮/-। |

### অন্যান্য শর্তাবলী ও সুবিধাসমূহ ঃ

- সকল পদের জন্য শিক্ষানবিশকাল ৬ মাস। শিক্ষানবিশকালে মোবাইল ভাতা, স্বল্প মূল্যে একক আবাসন সুবিধা (১ থেকে ৪ নং পদের জন্য প্রযোজ্য), স্বল্পসুদে মোটরসাইকেল ক্রয়ের ঋণ ও মোটরসাইকেলের জ্বালানী, রক্ষণাবেক্ষণ ব্যয় (শুধুমাত্র ১ পদের জন্য প্রযোজ্য) এবং স্থায়ীকরণের পর বাৎসরিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি, বছরে দুইটি উৎসব ভাতা ও বৈশাখী ভাতা প্রদত্ত হবে। এছাড়াও দূরত্ব ভাতা, উৎসাহ ভাতা, হাওড় ভাতা ও শহর ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদত্ত হবে। জুনিয়র ড্রাইভার পদের জন্য ঝুঁকি ভাতা প্রদত্ত হবে।
- নিয়োগের জন্য মনোনীত হলে প্রার্থীদের জামানত বাবদ পদ অনুযায়ী, শাখা ব্যবস্থাপক ২৫,০০০/- টাকা, সহকারী শাখা ব্যবস্থাপক ২৫,০০০/- টাকা, মাঠ কর্মকর্তা ২০,০০০/- টাকা এবং মাঠ সহকারী পদের জন্য ১৮,০০০/- টাকা নগদ প্রদান করতে হবে যা সুদসহ ফেরতযোগ্য। মাঠ কর্মকর্তা এবং মাঠ সহকারী পদে নির্বাচিত প্রার্থীদের ৫ দিনের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে। মৌলিক প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০/- টাকা নগদ প্রদান করতে হবে।
- জুনিয়র ড্রাইভার পদের জন্য জামানত বাবদ-২০,০০০/- টাকা নগদ প্রদান করতে হবে যা সুদসহ ফেরতযোগ্য।
- মাঠ কর্মকর্তা ও মাঠ সহকারী প্রার্থীদের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সাপেক্ষে মোটরসাইকেল জ্বালানী ও রক্ষণাবেক্ষণ খরচ প্রদান করা হয়।
- নির্বাচিত প্রার্থীদের ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, ময়মনসিংহ ও রংপুর বিভাগে পপি'র কর্মএলাকায় নিয়োগ দেয়া হবে। তাছাড়া অন্যান্য বিভাগেও কাজ করার আগ্রহ থাকতে হবে।
- শুধুমাত্র মাঠ কর্মকর্তা এবং মাঠ সহকারী পদের প্রার্থীদের নরসিংদী, কুমিল্লা, ময়মনসিংহ, রংপুর ও ঢাকা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। **মাঠ কর্মকর্তা ও মাঠ সহকারী প্রার্থীগণ** খামের উপরে পদের নাম ও যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক তা অবশ্যই উল্লেখ করতে হবে।
- মাঠ কর্মকর্তা এবং মাঠ সহকারী পদের প্রার্থীদেরকে **"পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি)"** একাউন্ট নম্বর-৪৪১৫৬০৩০০০০৭১ (সোনালী ব্যাংক লিঃ, ধানমন্ডি কর্পোরেট শাখা) এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে ২০০/-টাকা অনলাইনে জমা করে জমা রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- **অধ্যয়নরতদের আবেদন করায় নিরুৎসাহিত করা যাচ্ছে।**

আগ্রহী প্রার্থীগণকে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র, শিক্ষা ও অভিজ্ঞতার সনদপত্র, পূর্বের প্রতিষ্ঠানের ছাড়পত্র (পূর্ব অভিজ্ঞতার ক্ষেত্রে), বৈধ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (১ ও ৫ নং পদের জন্য), ২ কপি সদ্য তোলা রঙ্গিন ছবি, এলাকার দুইজন গণ্যমান্য ব্যক্তির (যাদের মধ্যে একজন শিক্ষক) নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং আবেদনকারীর A4 সাইজের পেপারে আবেদনপত্রসহ আগামী ১০/০৭/২০২৬ তারিখের মধ্যে বরাবর, মানবসম্পদ ও প্রশিক্ষণ বিভাগ, পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭, ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয়ে সরাসরিও আবেদন পত্র গ্রহণ করা হয়। খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ন আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

বি:দ্র: বিস্তারিত জানতে POPI Job Circular Facebook Page & website: www.popibd.org দেখুন।